গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
বিভাগীয় সমবায় কার্যালয়
খুলনা।

"বঙ্গবন্ধুর দর্শন
সমবায়ে উন্নয়ন"

স্মারক নং-৪৭.৬১.০০০০.২৬১.১৪.৮০৪.২৩-৫৯১ তারিখ: ০৮/১১/২০২৩।

বিষয়ঃ প্রকল্পের আওতায় খন্ডকালীন কর্মচারি নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সমবায় অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "দুগ্ধ ও মাংস উৎপাদনের মাধ্যমে গ্রামীণ কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে যশোর ও মেহেরপুর জেলায় সমবায়ের কার্যক্রম বিস্তৃতকরণ" প্রকল্পের আওতায়, মনিরামপুর, যশোর ও মেহেরপুর সদর, মেহেরপুরে প্রকল্পের কার্যক্রম পরিচালনার জন্য সংশ্লিষ্ট প্রকল্প এলাকায় ফ্যাসিলেটেটর ও প্রাণিসম্পদ মাঠকর্মী পদে খন্ডকালীন কর্মচারি নিয়োগের সংস্থান রয়েছে। উক্ত নিয়োগ বিজ্ঞপ্তিটি (সংযুক্ত পাতা-০১) স্থানীয়ভাবে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

(মোঃ মিজানুর রহমান)
সভাপতি, নিয়োগ কমিটি।
ও
যুগ্ম-নিবন্ধক
বিভাগীয় সমবায় কার্যালয়, খুলনা

১. জেলা সমবায় অফিসার, যশোর/মেহেরপুর

২. উপজেলা সমবায় অফিসার, মনিরামপুর/মেহেরপুর সদর।

স্মারক নং-৪৭.৬১.০০০০.২৬১.১৪.৮০৪.২৩-৫৯১/১(৩) তারিখ: ০৮/১১/২০২৩।

অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. উপ-নিবন্ধক (এমআইএস) সমবায় অধিদপ্তর, ঢাকা।
   দৃষ্টি আকর্ষণঃ মোঃ জিয়াউল-হক চৌধুরী, রিসার্চ ইনভেস্টিগেটর (এমআইএস শাখা) সমবায় অধিদপ্তর, ঢাকা (সমবায় অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের জন্য)
২. উপ-নিবন্ধক (প্রশাসন) বিভাগীয় সমবায় কার্যালয়, খুলনা (বিভাগীয় সমবায় দপ্তর খুলনার ওয়েব সাইটে প্রকাশের জন্য)
৩. অফিস কপি।

০৮/১১/২০২৩

(সুস্মিতা গোলদার)
সদস্য সচিব, নিয়োগ কমিটি
ও
সহকারি নিবন্ধক (সমিতি)
বিভাগীয় সমবায় কার্যালয়, খুলনা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
বিভাগীয় সমবায় কার্যালয়
খুলনা
www.coop.khulnadiv.gov.bd

"বঙ্গবন্ধুর দর্শন,
সমবায়ে উন্নয়ন"

নং ৪৭.৬১.০০০০.২৬১.১৪.৮০৪.২৩.৫৭০

তারিখ: ০৮ নভেম্বর ২০২৩
২৩ কার্তিক ১৪৩০

## নিয়োগ বিজ্ঞপ্তি

সমবায় অধিদপ্তর, ঢাকা কর্তৃক বাস্তবায়নাধীন ''দুগ্ধ ও মাংস উৎপাদনের মাধ্যমে গ্রামীণ কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে যশোর ও মেহেরপুর জেলায় সমবায়ের কার্যক্রম বিস্তৃতকরণ" প্রকল্পের সম্পদ সহায়তা আবর্তক তহবিল পরিচালনা নীতিমালা (১ম সংশোধিত) মোতাবেক সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিম্নবর্ণিত শূন্য পদে খন্ডকালীন কর্মচারি নিয়োগ করা হবে। উক্ত পদের জন্য আগ্রহী প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

| ক্র: নং | পদের নাম ও বেতন | কর্মস্থল ও পদসংখ্যা | যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ০১. | **ফ্যাসিলিটেটর**<br>**(সাকুল্যে ১৮,০০০/-)** | মনিরামপুর, যশোর-৪ জন<br>মেহেরপুর সদর, মেহেরপুর-২জন | ১. বয়সসীমা: ০১ নভেম্বর ২০২৩ তারিখে বয়স ১৮ হতে ৩৫ বছর এর মধ্যে হতে হবে।<br>২. শিক্ষাগত যোগ্যতা: ন্যূনতম এইচএসসি।<br>৩. নাগরিকত্ব: বাংলাদেশী। স্ব স্ব প্রকল্প এলাকার স্থানীয় বাসিন্দাগণ অগ্রাধিকার পাবেন।<br>৪. অভিজ্ঞতা: কম্পিউটার ও ইন্টারনেট ব্যবহারে দক্ষ হতে হবে। ঋণ আদায়কারী/ মাঠ সংগঠক/ মাঠকর্মী হিসেবে যে কোন প্রতিষ্ঠানে কাজের অভিজ্ঞতা অগ্রগণ্য। মোটরসাইকেল চালনায় দক্ষতা থাকতে হবে। |
| ০২. | **প্রাণিসম্পদ মাঠসহকারি (এলএফএ)**<br>**(সাকুল্যে ১৮,০০০/-)** | মনিরামপুর, যশোর-১ জন<br>মেহেরপুর সদর, মেহেরপুর-১ জন | ১. বয়সসীমা: ০১ নভেম্বর ২০২৩ তারিখে বয়স ১৮ হতে ৩৫ বছর এর মধ্যে হতে হবে।<br>২. শিক্ষাগত যোগ্যতা: ডিপ্লোমা ইন লাইভস্টক অথবা প্রাণিসম্পদ দপ্তরের আওতায় অনুমোদিত প্রকল্পে প্রাণিসম্পদ মাঠ সহকারি অথবা সমজাতীয় পদে ন্যূনতম ০২ বছরের অভিজ্ঞতা।<br>৩. নাগরিকত্ব: বাংলাদেশী। স্ব স্ব প্রকল্প এলাকার স্থানীয় বাসিন্দাগণ অগ্রাধিকার পাবেন।<br>৪. অভিজ্ঞতা: প্রাণিসম্পদ দপ্তরের আওতায় অনুমোদিত প্রকল্পে প্রাণিসম্পদ মাঠ সহকারি অথবা সমজাতীয় পদে কাজের অভিজ্ঞতা অগ্রগণ্য। কম্পিউটার ও ইন্টারনেট ব্যবহারে দক্ষ হতে হবে। মোটরসাইকেল চালনায় দক্ষতা থাকতে হবে। |

**শর্তাবলীঃ**

১. ০৯/১১/২০২৩ তারিখ সকাল ৯.০০ ঘটিকা হতে ২০/১১/২০২৩ তারিখ বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত সরাসরি/ডাকযোগে আবেদনপত্র প্রকল্প পরিচালক, দুগ্ধ ও মাংস উৎপাদনের মাধ্যমে গ্রামীণ কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে যশোর ও মেহেরপুর জেলায় সমবায়ের কার্যক্রম বিস্তৃতকরণ প্রকল্প, বিভাগীয় সমবায় অফিস, বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা বরাবর সাদা কাগজে দাখিল করতে হবে।

২. আবেদনপত্রের সাথে যেসকল সংযুক্তি প্রদান করতে হবে:
   ২.১. সদ্য তোলা ০৪ (চার) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি।
   ২.২. সকল শিক্ষাগত যোগ্যতার সনদের ছায়ালিপি।
   ২.৩. আবেদনে উল্লিখিত স্থায়ী ঠিকানার প্রমাণপত্র হিসেবে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিক সনদের মূলকপি।
   ২.৪. জাতীয় পরিচয়পত্রের ছায়ালিপি।
   ২.৫. অভিজ্ঞতার স্বপক্ষে প্রমাণক।
৩. আবেদনপত্রে কর্মস্থল উল্লেখ করতে হবে। যথা: মণিরামপুর, যশোরের স্থানীয় বাসিন্দাগনের কর্মস্থল হবে মণিরামপুর, যশোর এবং মেহেরপুর, সদর, মেহেরপুরের স্থানীয় বাসিন্দাগণের কর্মস্থাল হবে মেহেরপুর, সদর, মেহেরপুর।
৪. খামের উপর পদের নাম ও স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে।
৫. আবেদনপত্রে প্রার্থীর নিজ নামীয় মোবাইল নম্বর প্রদান করতে হবে। উক্ত মোবাইল নম্বরে এসএমএস এর মাধ্যমে ন্যূনতম যোগ্যতাসম্পন্ন আবেদনকারীগণকে লিখিত/মৌখিক পরীক্ষার তারিখ ও সময় জানিয়ে দেয়া হবে।
৬. অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
৭. মৌখিক পরীক্ষার সময় অবশ্যই দাখিলকৃত সকল সনদের মূল কপি সঙ্গে আনতে হবে।
৮. পরীক্ষায় অংশগ্রহণের সময় প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
৯. চাকুরীতে যোগদান করার সময় প্রকল্পের আদায়কৃত সার্ভিস চার্জ হতে নিয়োগকৃত পদে উল্লিখিত পরিমাণ বেতন-ভাতা গ্রহণের অঙ্গীকারনামা প্রদান করতে হবে।
১০. বেতন ভাতা পরিশোধের কারণে সার্ভিস চার্জ তহবিলে ঘাটতি হলে নিয়োগকৃত জনবল ছাটাই করার শর্ত সাপেক্ষে ও অঙ্গীকারনামা গ্রহণ সাপেক্ষে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে খন্ডকালীন কর্মচারি হিসেবে বর্ণিতপদসমূহে নিয়োগ প্রদান করা হবে।
১১. চাকুরিতে যোগদান করার সময় ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকা ফেরতযোগ্য জামানত হিসেবে প্রদান করতে হবে।
১২. চাকুরিতে যোগদান করার সময় একজন সরকারি/বেসরকারি চাকুরিজীবী কর্তৃক চারিত্রিক সনদপত্র এবং স্বীকৃত অভিভাবক কর্তৃক নির্ধারিত গ্যারান্টিপত্র দাখিল করতে হবে।
১৩. কর্তৃপক্ষ যেকোন সময় নিয়োগ কিংবা নিয়োগ প্রক্রিয়া বাতিল, সংশোধন ও সংরক্ষণ করার ক্ষমতা সংরক্ষণ করে।
১৪. এ নিয়োগ আবর্তক সম্পদ সহায়তা তহবিল পরিচালনা নীতিমালা (১ম সংশোধিত) মোতাবেক সম্পন্ন ও কার্যকর হবে। পরবর্তীতে এর কোন পরিবর্তন হলে তা অনুসরণ করা হবে।

Seeshmita
06/11/2023

সদস্য সচিব
খন্ডকালীন কর্মচারি নিয়োগ কমিটি
'দুগ্ধ ও মাংস উৎপাদনের মাধ্যমে গ্রামীন কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে যশোর ও মেহেরপুরর জেলার সমবায়ের কার্যক্রম বিস্তৃতকরণ প্রকল্প'